



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং ৩৭.০২.০০০.১০৫.৯৯.০০৫.১৮-৭৬৭।৮

তারিখ : ১৪/০৯/২০২০ খ্রি.

বিষয় : তদন্ত কর্মকর্তা নিয়োগ।

সূত্র : স্মারক নং মাউশি/ঢাত/সেসিপ/২০১৭/১১১৮ তারিখ : ২৪/০৮/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার উত্তরা থানাধীন উত্তরা হাইস্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব মো: হাফিজুর রহমান এর অধ্যক্ষ পদে এমপিওভুক্তির বিষয়ে সিদ্ধান্ত কামনা করে পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল থেকে মাউশিতে প্রেরণ করেন। প্রাপ্ত রেকর্ডপত্র অনুযায়ী দেখা যায় উত্তরা হাইস্কুল এন্ড কলেজের কলেজ শাখাটি ২০২০ সালে এমপিওভুক্ত হয়। প্রতিষ্ঠানটিতে অধ্যক্ষ পদে জনাব মো: হাফিজুর রহমান মোল্যা গত ০৮/০৫/২০১৯ খ্রি. তারিখে যোগদান করেন। যোগদানের সময় প্রতিষ্ঠানটির কলেজ শাখা এমপিওভুক্ত ছিল না। উত্তরা হাইস্কুল এন্ড কলেজের অধ্যক্ষ পদে নিয়োগের বিষয়ে আপত্তির প্রেক্ষিতে ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ে নির্দেশনার প্রেক্ষিতে থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, উত্তরা, ঢাকা তদন্ত করেন। তাছাড়া মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা থেকেও অধ্যক্ষ পদে নিয়োগের বিষয়ে অভিযোগের প্রেক্ষিতে তদন্ত করা হয়। দুটো তদন্ত প্রতিবেদনে এমপিওভুক্তির বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করেন নাই।

উত্তরা হাইস্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব মো হাফিজুর রহমান মোল্যা এর অধ্যক্ষ পদে নিয়োগ যথাযথ আছে কিনা এবং বিদ্যমান জনবল কাঠামো মোতাবেক এমপিওভুক্ত করা যাবে কিনা এ বিষয়ে যাচাই বাছাই করে মতামত প্রদানের জন্য উপপরিচালক(কলেজ-১) ও সহকারী পরিচালক(এইচ.আর.এম), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো।

এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করে নিয়োগ সংক্রান্ত রেকর্ডপত্র যাচাই করে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী অধ্যক্ষ পদে এমপিওভুক্তির বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪৫৫৭৬  
22. ৯. ২০

(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৬

- (১) উপপরিচালক(কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;  
(২) সহকারী পরিচালক(এইচ.আর.এম), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;

বিতরণ :

- (১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;  
(২) সভাপতি, গভর্নির বডি, উত্তরা হাইস্কুল এন্ড কলেজ, উত্তরা, ঢাকা;  
(৩) অধ্যক্ষ, উত্তরা হাইস্কুল এন্ড কলেজ, উত্তরা, ঢাকা ;  
(তদন্ত কর্মকর্তাগণকে তদন্তকাজে সার্বিক সহযোগিতার অনুরোধসহ)  
(৪) জেলা শিক্ষা অফিসার, ঢাকা;  
(৫) সংরক্ষণ নথি।